দৈনিক
জনকণ্ঠ

তারিখ .. 22 FEB 2007 ...
পৃষ্ঠা ১২ কলাম ২......

### জাতীয় বিশ্ববিদ্যালয়ে দুর্নীতি

# পূর্ণাঙ্গ তদন্তের জন্য আরও কয়েকদিন সময় নিচ্ছে তদন্ত কমিটি

**স্টাফ রিপোর্টার:** জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি নিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন গঠিত তদন্ত কমিটি পূর্ণাঙ্গ তদন্তের জন্য আরও কয়েকদিন সময় নিচ্ছে বলে জানা গেছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বুধবার রিপোর্ট জমা দেয়ার কথা থাকলেও মঞ্জুরি কমিশন সূত্রগুলো বলেছে, শত শত দুর্নীতির অভিযোগ মাত্র পনেরো দিনে করা সম্ভব নয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি ও অনিয়মের চিত্র তদন্ত করে রিপোর্ট সম্পন্ন করতে কমপক্ষে আরও দশ দিন সময় দরকার।

এদিকে মঙ্গলবার দৈনিক জনকণ্ঠে প্রকাশিত 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি : ইউজিসির দায়সারা তদন্ত, রিপোর্ট জমা দেবে কাল' শীর্ষক সংবাদের প্রতিবাদ জানিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃপক্ষ বলেছে, বুধবার দায়সারা তদন্ত রিপোর্ট জমা দেবে বলে যে খবর প্রকাশিত হয়েছে তা আদৌ সত্য নয়। সত্যি কথা হলো এখনও তদন্ত কাজ চলছে এবং এ তদন্ত কাজ যথাযথভাবে সম্পন্ন হবে।